

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.dnc.gov.bd

তারিখ: ০৮ মাঘ ১৪২৬
২২ জানুয়ারি ২০২০

নং: ৫৮.০২.০০০০.০০৮.১৮.১৮.১৯-৭১

“বিজ্ঞপ্তি”

বিষয়: বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান প্রদানের জন্য দরখাস্ত আহ্বান।

সরকার মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা কার্যক্রম উন্নত করার লক্ষ্যে বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে আর্থিক অনুদান প্রদানের কার্যক্রম গ্রহণ করেছে। এই উদ্দেশ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ২০১৯-২০২০ অর্থবছরে বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের অনুকূলে এককালীন আর্থিক অনুদান বিতরণের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:


১। আবেদন করার যোগ্যতা:-

- (ক) মাদকাসক্তি নিরাময় কেন্দ্রটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর থেকে লাইসেন্স প্রাপ্ত হতে হবে;
(খ) লাইসেন্স প্রাপ্তির পর অন্তত: ৩(তিন) বছর অতিক্রান্ত হতে হবে, তবে নারী বা শিশু মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের ক্ষেত্রে লাইসেন্স প্রাপ্তির মেয়াদ ২(দুই) বছর অতিক্রান্ত হলে আবেদন করতে পারবে;

২। আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:

- (ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। অধিদপ্তরের Website: www.dnc.gov.bd হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে;
(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্স এর সত্যায়িত কপি;
(গ) আবেদনপত্রের সাথে গত ০১(এক) বছরের সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা;
(ঘ) নিরাময় কেন্দ্রে কর্মরত মনোচিকিৎসক, সার্বক্ষনিক ডাক্তার, কাউন্সিলর, নার্স এর শিক্ষাগত যোগ্যতার সনদ ও যোগদানের কপি;
(ঙ) কেন্দ্রের এক/একাধিক কর্মকর্তা ইকো প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে তার বিবরণ;
(চ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর থেকে চাহিত অনুদানের সম্ভাব্য ব্যয় বিবরণী;
(ছ) বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রটির বার্ষিক কার্যক্রমের একটি প্রতিবেদন।

৩। আগামী ১৩/০২/২০২০ তারিখের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্রসহ সংশ্লিষ্ট জেলা/মেট্রো কার্যালয়ে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(এস, এম, জাকির হোসেন)

পরিচালক

ফোন: ৪৮৩২২১৯৬(অফিস)

ই-মেইল: dirtr@dnc.gov.bd